

‘ভবিষ্যতের ঢাকা’ শীর্ষক আলোচনা**‘নগর সরকার না থাকা ঢাকার প্রধান সমস্যা’**

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

নগর সরকার না থাকা ও বাজেট ঘাটতি রাজধানী ঢাকার অন্যতম প্রধান সমস্যা বলে মন্তব্য করেছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক এবং দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র সাঈদ খোকন।

আজ বুধবার রাজধানীর সোনারগাঁও হোটেলে বিশ্বব্যাপক আয়োজিত ‘ভবিষ্যতের ঢাকা’ শীর্ষক আলোচনায় অংশ নিয়ে এ এ মন্তব্য করেন তারা।

বিশ্বের শীর্ষ ঘনবসতিপূর্ণ শহর ঢাকার জন্য যে বাজেট দরকার, তা বরাদ্দ দেওয়া হয় না জানিয়েছেন আনিসুল হক। তাই যথাযথ পরিকল্পনা নিয়ে ঢাকাকে বাসযোগ্য করতে বিশ্বব্যাংককে এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

এদিকে, ঢাকা দক্ষিণের মেয়র সাঈদ খোকন বলেন, নগর সরকার নেই বলে বিভিন্ন সংস্থা সমন্বয়হীনভাবে কাজ করে যাচ্ছে। আর এ কারণেই নগরের সমস্যাগুলোর সমাধান হচ্ছে না।

আলোচনায় বিশ্বব্যাংকের দক্ষিণ এশীয় প্রধান অর্থনীতিবিদ ড. মার্টিন রামা তার বক্তব্যে পূর্ব ঢাকার বিস্তার ও পরিকল্পনা মাফিক উন্নয়নের ওপর জোর দেন।

এর আগে দিনব্যাপী আলোচনা অনুষ্ঠানের উদ্বোধন করেন স্থানীয় সরকারমন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন।

বিডি প্রতিদিন/১৯ জুলাই ২০১৭/এনায়েত করিম